



# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)  
৩৭/৩/এ, ইস্টার্ন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

(বাজেট ও হিসাব বিভাগ)

“শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার”

নং-পসব্য/প্রকা/পরি-১৪/২০২৩-২৪/ ১২৯৩

তারিখঃ ২৬/০৪/২০২৪খ্রি.

শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
সকল শাখা।

## **বিষয়: ক্ষুদ্র নৃতাড়িক কম্পোনেন্ট এর সমিতি পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তর ও সদস্যদের পল্লী সঞ্চয় ব্যাংক হতে ঋণ প্রদান প্রসঙ্গে।**

প্রধান কার্যালয়ের ১৬ এপ্রিল, ২০২৩ তারিখের পসব্য/প্রকা/পরি-২৩/২০২২-২৩/১২৩ নং স্মারকমূলে প্রেরিত পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় বাস্তবায়িত “সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র নৃ-তাড়িক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন কম্পোনেন্ট এ কার্যক্রম পরিচালিত হয়। উক্ত কম্পোনেন্টের আওতায় ২৮ টি উপজেলায় সর্বমোট ২৪২টি সমিতি গঠিত হয়। এই ২৮ টি উপজেলায় আমার বাড়ি আমার খামার প্রকল্প হতে বিশেষ অনুদান হিসেবে ৯,৯৩,৩২,৭৫০ টাকা প্রদান করা হয় যা ২৪২টি সমিতির ৬৬৩৭ টি সদস্যদের মাঝে ৩.৫% হারে ঋণ হিসাবে বিতরণ করা হয়। পরবর্তীতে ঋণের কিছু অংশ সার্ভিস চার্জসহ পরিশোধিত হয় যা সোনালী ব্যাংকের তিনটি একাউন্টে যথাক্রমে আসল, সার্ভিস চার্জ ও পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার ক্রয় বাবদ সমিতির সদস্যদের প্রদানকৃত টাকা জমা করা হয়।

৩। পল্লী সঞ্চয় ব্যাংকের সিবিএস মডিউলে ক্ষুদ্র নৃ-তাড়িক প্রতিটি সমিতির সদস্যদের সমিতিভিত্তিক এন্ট্রি রয়েছে। তবে তাদের নামে সেখানে কোন প্রকার ঋণ নেই। তাদের সঞ্চয়কৃত টাকা সংশ্লিষ্ট সদস্যের নামে জমা আছে। ম্যানুয়ালী পরিচালিত সমিতির ঋণ গ্রহীতাদের মধ্যে অনেকেই চলতি ঋণ পরিশোধ করে নতুন করে ঋণ নিতে ইচ্ছুক।

৪। এমতাবস্থায়, সমবায় অধিদপ্তর থেকে স্থানান্তরিত পল্লী সঞ্চয় ব্যাংকের ২৮ টি শাখার ২৪২টি সমিতির টাকা নিম্নোক্ত প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সমিতিতে পোস্টিং প্রদান করতে হবে।

ক) প্রথমে সমিতিভিত্তিক আদায়কৃত আসল ও সার্ভিস চার্জের সাথে সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট একাউন্টে জমাকৃত টাকার পরিমাণ মিল করতে হবে।

খ) আসলের টাকা Microfinance মডিউলে Transaction> Samitee Transaction এ গিয়ে সমিতির নাম সিলেক্ট করতে হবে। উল্লেখ্য, মেম্বার সিলেকশনের ঘর ফাঁকা থাকবে। Transaction Type “Donation” সিলেক্ট করে সংশ্লিষ্ট সমিতির জমাকৃত আসলের পরিমাণ উল্লেখ করে সাবমিট করতে হবে। Remarks এর ঘরে “Principle amount received from Nreetattik Component ” লিখতে হবে। এরপর শাখা ব্যবস্থাপক উক্ত সাবমিশন Approve করবেন। পোস্টিং এর পর উক্ত টাকা সমিতির ট্রায়াল ব্যালেন্স এ Donation & Others (Credit Amount) ও Cash at Bank (Debit Amount) -এ জমা হবে। সমপরিমাণ টাকা সিবিএস মডিউলে Statements of Affairs-এ Short Notice Deposite (Samitee) (কোড-10201002)-এ জমা হবে এবং Cash in Hand-এ জমা হবে। পাশাপাশি সংশ্লিষ্ট সমিতির SND হিসাবে উক্ত টাকা যুক্ত হয়েছে কিনা তা দেখতে হবে।

গ) সার্ভিস চার্জের টাকা সিবিএস মডিউলে Received Fund From ABAK (কোড-11021009) ক্রেডিট ও Cash in Hand-এ ডেবিট করতে হবে।

ঘ) শেয়ার বাবদ জমাকৃত টাকা মাইক্রোফাইন্যান্স মডিউলে সংশ্লিষ্ট সদস্যের মেম্বার কোডে Deposit করতে হবে।

ঙ) পোস্টিংজনিত সকল ভাউচার নির্দিষ্ট ফাইলে সংরক্ষণ করতে হবে।

৫। ক্ষুদ্র-নৃতাড়িক কম্পোনেন্ট এর ম্যানুয়ালী পরিচালিত সমিতির সদস্যদের ঋণ পরিশোধ করিয়ে সিবিএস মডিউল থেকে নতুনভাবে ঋণ প্রদান করতে হবে। উপরোক্ত কার্যাদি সম্পাদনের পর কোন ঋণ পরিশোধ হলে উপরোক্ত পদ্ধতিতে আসলের টাকা Microfinance মডিউলে সংশ্লিষ্ট সমিতির কোডে গিয়ে Donation অপশন ও সার্ভিস চার্জের টাকা সিবিএস মডিউলে Received Fund From ABAK কোডে পোস্টিং প্রদান করতে হবে। এরপর ঐ সদস্যকে পল্লী সঞ্চয় ব্যাংকের নিয়মিত পদ্ধতিতে ঋণ প্রদান করা যাবে। যেকোন প্রয়োজনে প্রধান কার্যালয়ের বাজেট ও হিসাব বিভাগের সিনিয়র অফিসার জনাব মো: শাহীদুল ইসলাম এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(শেখ মো: জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর(সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. প্রোগ্রামার, আইসিটি বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহকারে)।
৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয় (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. অফিস নথি।